22 MAY 2017

# বড়াইগ্রামে ১৭ সর. প্রা. স্কুলে বিদ্যুৎসংযোগ নেই!

প্রতিনিধি, বড়াইগ্রাম (নাটোর)

নাটোরের বড়াইগ্রাম উপজেলার ১৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং দুটি উচ্চ বিদ্যালয়ে বিদ্যালয়ে এখানো বিদ্যুৎ সংযোগ নেই। সরকার যখন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ক্লাসরুম নিশ্চিত করতে তৎপরতা শুরু করেছে তখনো ডিজিটালের চালিকা শক্তি বিদ্যুৎ নেই ফলে উদ্যোগের শতভাগ বাস্তবায়ন সম্ভব হবে না।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, বড়াইগ্রাম উপজেলায় ৯৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে। এরমধ্যে দ্বারিকুশি, চামটা, কুশমাইল, নগর, দ্বারিকৈড়, মশিন্দা, ভরতপুর, কাছুটিয়া, নাজিরপুর, সাঁতইল, ব্রহ্মত্রপুর পারগোপালপুর, প্রতাবপুর, ছোট পিঙ্গইন, পিঙ্গইন, গোয়ালফা, শহীদ কল্লোল ও পূর্ণকলস সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নেই। অপরদিকে নগর ও বাগডোব উচ্চ বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নাই। বিদ্যুৎ সংযোগ না থাকায় চালু করা যাচ্ছে না মাল্টিমিডিয়া ক্লাশ রুম। শিশু শিক্ষার্থীদের আনন্দের সঙ্গে পাঠদান এবং পড়ায় মনোযোগী করার উপযোগী কনটেন্ট উপস্থাপন সম্বব হচ্ছে না। বেশি শিক্ষার্থীর ক্লাসে পেছনের বসা শিক্ষার্থীরা শিক্ষকের কথা ঠিকমত শুনতে না পারায় তারা অমনোযোগী হয়ে পড়ছে। আবার প্রচণ্ড গরমে শিক্ষক-শিক্ষার্থীরা কাহিল হয়ে পড়েন তবু ফ্যানের ব্যবহার সম্ভব হচ্ছে না। উপজেলা শিক্ষা অফিসার আকলিমা খানম বলেন, বিদ্যুৎবিহীন স্কুলের তালিকা উপজেলা নির্বাহী অফিসার মাধ্যম পল্লী বিদ্যুৎ অফিসে জমা দেয়া হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার ইশরাত ফারজানা বলেন, যে সব স্কুলে বিদ্যুৎ সংযোগ দিতে পোল লাগবে না সেগুলোতে দ্রুত সময়ের মধ্যে সংযোগ এবং পোল লাগা স্কুলগুলোতে আসামি ছয় মাসের মধ্যে সংযোগ দেয়ার প্রতিশ্রুতি দিয়েছে পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ।